SYLHET

# ৬ষ্ঠ উপজেলা পরিষদের ৫ম মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব ফারজানা নাসরীন,প্রশাসক,উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলনকক্ষ,কানাইঘাট
তারিখ : ২৪ অক্টোবর ২০২৪
সময় : সকাল ১১.০০ ঘটিকা

| ক্রঃ নং | আলোচ্য বিষয়/বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা অত্র উপজেলার সকল স্কুল ও মাদ্রাসার ৫ম শ্রেণী হতে ৯ম শ্রেণী পর্যন্ত ১০ থেকে ১৪ বছরের কিশোরীদের মধ্যে এইচপিভি টিকা প্রদান করা হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার জন্য সভায় অনুরোধ জানান । | এইচপিভি টিকা কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার জন্য অবহিত করণ এর ব্যাপক প্রচার ও রেজিষ্টেশন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউ/পি চেয়ারম্যানগণ কানাইঘাট,সিলেট |
| ০২ | আইন-শৃঙ্খলা বিভাগ | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা সভায় জানান,চোরাচালান,মাদক রোধ করার জন্য পুলিশ প্রশাসন জোরালোভাবে কাজ করে যাচ্ছে।<br><br>চেয়ারম্যান,০৩ নং দিঘিরপাড় পূর্ব ইউনিয়ন পরিষদ সভায় জানান, দিঘিরপাড় পূর্ব ইউনিয়নের অর্ন্তগত সড়কের বাজারে আইনশৃঙ্খলা পরিস্থিতি অবনতি হওয়ায় বিভিন্ন ভাবে সমস্যা হচ্ছে। আইনশৃঙ্খলা পরিস্থিতি সচল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় প্রস্তাব করেন। | আইন-শৃঙ্খলা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | অফিসার ইনচার্জ কানাইঘাট থানা |
| ০৩ | প্রাথমিক শিক্ষা বিভাগ | প্রাথমিক শিক্ষা কর্মকর্তা জানান, উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগের বিভাগীয় কার্যক্রম যথারীতি চলামান রয়েছে । | অত্র উপজেলার শিক্ষার মান আরোও উন্নত করার লক্ষে বিদ্যালয়গুলো নিয়মিত পরিদর্শন করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৪ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান,মাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠান পরির্দশন কার্যক্রম চলমান রয়েছে এবং শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে নির্বাচনী পরীক্ষা চলমান রয়েছে।<br><br>চেয়ারম্যান,০৪ নং সাঁতবাক ইউনিয়ন পরিষদ সভায় জানান, চড়িপাড়া রহিমিয়া আলীম মাদ্রাসার নতুন ভবনের অসমাপ্ত কাজ দ্রুত বাস্তবায়ন করার জন্য সভায় প্রস্তাব করেন। | ১)মাধ্যমিক শিক্ষা বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হলো।<br><br>২)চড়িপাড়া রহিমিয়া আলীম মাদ্রাসার নতুন ভবনের অসমাপ্ত কাজ দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা /চেয়ারম্যান ০৪ নং সাঁতবাক ইউনিয়ন পরিষদ কানাইঘাট, সিলেট |
| ০৫ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি সভায় জানান, ২০২৪-২০২৫ অর্থ বছরের উন্নয়ন কর্মসূচি (এডিপি) হতে মোট = ১,২৩,৪০,০০০.০০(এক কোটি তেইশ লক্ষ চল্লিশ হাজার) টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। | বন্যায় ক্ষতিগ্রস্থ রাস্তাগুলোর কাজ নিয়মিত তদারকি করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী কানাইঘাট,সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে আমন মৌসুমে প্রায় ১৫৬৩৪ হেক্টর জমিতে রোপা আমন ধানের আবাদ হয়েছে। এবছর আমন ধানের বাম্পার ফলন হয়েছে।<br><br>তিনি আরোও জানান, মৌসুমী আবাদ উৎপাদন বৃদ্ধির লক্ষে প্রায় ২৯০০ জন কৃষককে ৫ কেজি বীজ ও ২০ কেজি রাসায়নিক সার প্রদান করা হবে। এছাড়াও রবি মৌসুমে পতিত জমি থাকে সেই জমিগুলোতে এডিপি হতে গম ও সরিষা বীজ ক্রয়ের লক্ষে বরাদ্দ প্রদানের জন্য সভায় অনুরোধ জানান। | উপজেলা উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ মাঠে গম ও সরিষা রোপনে তদারকি করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা / উপজেলা পরিষদ কানাইঘাট, সিলেট |
| ০৭ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় ইলিশের প্রধান প্রজনন মৌসুমে মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৪ বর্তমান মাসের ১৩ অক্টোবর হতে ০৩ নভেম্বর-২০২৪ তারিখ পর্যন্ত মোট ২২(বাইশ) দিন সারাদেশে ইলিশ আহরণ পরিবহন,মজুদ,বাজারজাতকরণ ক্রয়-বিক্রয় ও বিনিময় সম্পূর্ণ নিষিদ্ধ এবং দন্ডনীয় অপরাধ। | অত্র উপজেলার সকল বাজারগুলোতে ১৩ অক্টোবর হতে ০৩ নভেম্বর-২০২৪ পর্যন্ত ২২ (বাইশ) দিন মা ইলিশ আহরণ পরিবহন,মজুদকরণ, বাজারজাত ও ক্রয়-বিক্রয় না হয় সেজন্যই প্রতিটি বাজারে মনিটরিং করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ০৮ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল কানাইঘাট,সিলেট কর্তৃক গত ০১-১০-২০২৪ ইং তারিখ হতে হতে ছাগল ভেড়া ও গাড়ল এর পিপিআর রোগে ফ্রি ভ্যাকসিনিশন কার্যক্রম চলমান রয়েছে এবং এ পর্যন্ত মাট ১৩৫৬টি ছাগল,ভেড়া ও গাড়ল কে টিকা প্রদান করা হয়েছে। | ছাগল ভেড়া ও গাড়ল এর পিপিআর রোগে ফ্রি ভ্যাকসিনিশন কার্যক্রম বাস্তবায়ন করার লক্ষে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সহযোগিতা করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ,চেয়ারম্যানগণ কানাইঘাট, সিলেট |
| ০৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত কার্যক্রম অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা কার্যক্রম এর অনলাইন আবেদন চলমান রয়েছে। কার্ডধারী প্রতিবন্ধীদের অনলাইন আবেদন এবং যারা(প্রতিবন্ধী) কার্ডধারী নন তাদেরকে জরিপ সম্পাদনপূর্বক কার্ডধারী গ্রহণ করে অনলাইনে আবেদন করার নিমিত্তে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণদের সহযোগিতা কামনা করেন। | কার্ডধারী প্রতিবন্ধীদের অনলাইন আবেদন এবং যারা(প্রতিবন্ধী) কার্ডধারী নন তাদেরকে জরিপ সম্পাদনপূর্বক কার্ডধারী গ্রহণ করে অনলাইনে আবেদন করার নিমিত্তে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কানাইঘাট, সিলেট |
| ১০ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক এখনো কোন বরাদ্ধ পাওয়া যায়নি । বরাদ্ধ প্রাপ্তি সাপেক্ষে কার্যক্রম যথারীতি শুরু করা হবে। | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক বরাদ্ধ প্রাপ্তি সাপেক্ষে কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১১ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান,উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের বিভাগীয় কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | পরিবার পরিকল্পনা বিভাগের মাঠ পযায়ে সকল স্বাস্থ্য সেবা প্রদানে পরিবার কল্যাণ কেন্দ্রগুলো নিয়মিত পরিদর্শন করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরের প্রতি | সংশ্লিষ্ট ইউনিয়নে উপকারভোগীদের ডাটা এন্টি উক্ত ইউনিয়নের উদ্যোক্তাদের মাধ্যমে সম্পন্ন | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/সংশ্লিষ্ট |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | ইউনিয়নে ০৯(নয়) জন করে বরাদ্দ পাওয়া গিয়াছে। জুলাই-২০২৪ হতে অক্টোবর-২০২৪ পর্যন্ত মোট ০৪(চার) মাসে প্রতি ইউনিয়নে ৩৬ জন করে উপকারভোগী আগামী ৩১-১০-২০২৪ ইং তারিখের মধ্যে উপকারভোগীদের ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে। এখন থেকে প্রতিটি ইউনিয়নে উপকারভোগীদের ডাটা এন্টি তার ইউনিয়নের উদ্যোক্তাদের মাধ্যমে সম্পন্ন করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যাগণদের সভায় অবগত করা হয়েছে। এছাড়াও ২০২৩-২০২৪ ভিজিডি চক্রে বরাদ্দ না থাকায় সেপ্টেম্বর-২০২৪ মাসের ডিও অক্টোবর-২০২৪ মাসে প্রদান করা হয়েছে এবং অক্টোবর-২০২৪ থেকে ডিসেম্বর-২০২৪ পর্যন্ত বরাদ্দ পাওয়া গিয়াছে। সে লক্ষ্যে অক্টোবর-২০২৪ মাসে ডিও আগামী সপ্তাহে প্রদান করা হবে। | করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কানাইঘাট, সিলেট |
| ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের বিভাগীয় কার্যক্রম যথারীতি চলামান রয়েছে । | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৪ | আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান, উপজেলা আনসার ও ভিডিপি আনসার ও ভিডিপি বিভাগের বিভাগীয় কার্যক্রম যথারীতি চলামান রয়েছে । | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৫ | পল্লীবিদ্যুৎ সমিতি -২ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি-২ সভায় জানান, উপজেলা পল্লীবিদ্যুৎ বিভাগের বিভাগীয় কার্যক্রম যথারীতি চলামান রয়েছে । | অত্র উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়ন ও পৌরসভায় নিরবিচ্ছিন্ন ভাবে বিদ্যুৎ পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম পল্লীবিদ্যুৎ সমিতি -২ কানাইঘাট, সিলেট |
| ১৬ | তথ্য আপা প্রকল্প | উপজেলা তথ্য আপা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্পের বিভাগীয় কার্যক্রম যথারীতি চলামান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | তথ্য আপা প্রকল্পের কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | তথ্য আপা কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৭ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা জানান, আগামী ২রা নভেম্বর ৫৩ তম জাতীয় সমবায় দিবস উদ্‌যাপন করা হবে। উক্ত দিবস সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | ২রা নভেম্বর ৫৩ তম জাতীয় সমবায় দিবস সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ১৮ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা সভায় ২০২৪-২০২৫ অর্থ বছরের রাজস্বখাতে ৪২০ জন যুবক ও যুব নারীকে ভ্রাম্যমান প্রশিক্ষণ দেওয়ার লক্ষ্যমাত্রা রয়েছে। এর মধ্যে ৬০ জন যুবনারীকে পোষাক তৈরী বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে। পরিবার ভিত্তিক ঋণ কার্যক্রমে ৩৯ জন যুব ও যুব নারীকে মোট ৭,৮০,০০০/- (সাত লক্ষ আশি হাজার) টাকা যুবঋণ চলতি অর্থ বছরে বিতরণ করা হয়েছে।<br><br>তিনি আরোও জানান, আগামী ০১নভেম্বর যুব দিবস পালন করা হবে। দিবসটি সুষ্ঠু ও | যুবউন্নয়ন অধিদপ্তর এর আওতাধীন যুবক ও যুব নারীকে ভ্রাম্যমান প্রশিক্ষণ চলমান রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুবউন্নয়ন কর্মকর্তা কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | সুন্দরভাবে সম্পন্ন করার লক্ষে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | | |
| ১৯ | বন বিভাগ | উপজেলা বিট কর্মকর্তা সভায় জানান, বিগত ২০-১০-২০২৪ ইং তারিখ লোভাছড়া চা বাগিছা মৌজার বনাঞ্চলে ২০২৪ সনের জুন মাসে ১০.০ হেক্টর এএনআর বাগান পরিদর্শন শেষে পাহাড় থেকে সৃষ্ট লোভাছড়া দিয়ে আসার সময় দেখতে পাই ছড়ার উপর পাকা কালভার্ট তৈরীর জন্য কিছু শ্রমিক গর্ত খনন ও বালি,সিমেন্ট মজুদ কাজ করছে। শ্রমিকদের জিজ্ঞাসাবাদ করে জানা যায় ০১ নং লক্ষীপ্রসাদ ইউনিয়নের আর্থিক সহযোগিতায় ০৯ নং ওয়ার্ড আলতাফ মেম্বার কাজটি তদারকি করতেছেন। স্থানীয় মেম্বার সাহেবের সাথে যোগাযোগ করে উক্ত কাজটি বন্ধ রাখার জন্য লিখিতভাবে অবগত করা হয়েছে। যেহেতু কালভার্ট নির্মাণ কাজ বনাঞ্চলের সীমানার মধ্যে বিদ্যমান। উক্ত স্থানে কালভার্ট নির্মাণ হলে বনদুসররা যানবাহন ব্যবহার করে কাটগুলো নিতে সহজ হবে। তাই কালভাটটির কাজ স্থায়ীভাবে বন্ধ রাখার জন্য সভাকে অবহিত করেন। | সৃজিত সকল বাগানে রোপনকৃত চারাগুলো নিয়মিত তদারকি করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বিট কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান,সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরে প্রাপ্ত বরাদ্দের সাইট নির্বাচনের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের তত্ত্বধানে সহকারী প্রকৌশলী,জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর বাস্তবায়নের মন্ত্রণালয় কর্তৃক নির্দেশনা রয়েছে। এ প্রকল্পের আওতায় মোট ১০৮ টি টিএসপি এবং ১৮ টি ১০ পরিবারের মধ্যে কমিনিউটি ভিত্তিক পানি সরবরাহ স্ক্রীমের সংস্থাপন রয়েছে। প্রতিটির জন্য সহায়ক চাঁদা/সরকারী ফ্রি হিসেবে ১০,০০০/-(দশ হাজার)টাকা চালানের মাধ্যমে জমা দিতে হবে এবং অন্যান্য প্রকল্পের কাজ চলমান রয়েছে। | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন বাস্তবায়িত সকল প্রকল্পের কাজের মান পরিদর্শন করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কানাইঘাট, সিলেট |
| ২১ | খাদ্য নিয়ন্ত্রক বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, অক্টোবর মাসের খাদ্যবান্ধব কর্মসূচির চাল ডিলারের মাধ্যমে উপকারভোগীদের মধ্যে বিতরণ চলমান আছে। আমন মৌসুমের সংগ্রহ কার্যক্রমের জন্য প্রয়োজনীয় প্রস্তুতি নেওয়া হয়েছে। | খাদ্যবান্ধব কর্মসূচির চাল ডিলারের মাধ্যমে সঠিকভাবে উপকারভোগীদের মধ্যে বিতরণ কার্যক্রম তদারকি করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কানাইঘাট, সিলেট |
| ২২ | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা সভায় জানান, উপজেলা পল্লীসঞ্চয় ব্যাংক এর আওতাধীন ঋণ বিতরণ,সঞ্চয় আদায় কার্যক্রম চলমান রয়েছে। | পল্লী সঞ্চয় ব্যাংক এর আওতাধীন খেলাপী ঋণ আদায়ের লক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা কানাইঘাট, সিলেট |
| ২৩ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগ | উপজেলা স্টেশন অফিসার ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর প্রতিনিধি সভায় জানান,তাঁর বিভাগের কার্যক্রম চলমান রয়েছে। | উপজেলা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগের বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২৪ | পানি উন্নয়ন বোর্ড | উপ-সহকারী প্রকৌশলী,পানি উন্নয়ন বোর্ড সভায় জানান, পানি উন্নয়ন বোর্ড কর্তৃক ৬৪ কিলোমিটার সুরমা ডাইকের কাজ চলমান রয়েছে। | পানি উন্নয়ন বোর্ড কর্তৃক সকল প্রকল্পের কাজ চলমান রাখার জন্য উপ-সহকারী প্রকৌশলী,পানি উন্নয়ন বোর্ড,সিলেট কে অনুরোধ করা হয়। | পানি উন্নয়ন বোর্ড সিলেট |
| ২৫ | ইসলামী ফাউন্ডেশন | উপজেলা ফিল্ড সুপারভাইজার সভায় জানান, অত্র উপজেলার সকল মসজিদ ভিত্তিক শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে।<br>সভাপতি জানান, উপজেলা মডেল মসজিদ নির্মাাণের পর পুকুরের ঘাটলা নির্মাণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় প্রস্তাব করেন।<br>সভাপতি জানান, উপজেলা মডেল মসজিদ নির্মাণ কালে নিরাপত্তার স্বার্থে চারিদিকে অস্থায়ীভাবে টিন দিয়ে সীমানা প্রাচীর নির্মাণ করার জন্য সভায় প্রস্তাব করেন। | ১)উপজেলা মডেল মসজিদ নির্মাণের পর পুকুরের ঘাটলা নির্মাণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২)উপজেলা মডেল মসজিদ নির্মাণ কালে নিরাপত্তার স্বার্থে চারিদিকে অস্থায়ীভাবে টিন দিয়ে সীমানা প্রাচীর নির্মাণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ফিল্ড সুপারভাইজার ইসলামী ফাউন্ডেশন কানাইঘাট,সিলেট |
| ২৬ | জন্ম-মৃত্যু নিবন্ধন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদ একজন নাগরিকের অত্যন্ত গুরুত্বপূর্ণ দলিল। সভায় জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন করার জন্য গুরুত্বারোপ করা হয়। এছাড়াও অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করতে হবে এবং ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করতে হবে। ইউনিয়ন পর্যায়ে নিয়মিত জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে। | (ক) অভিনন্দন বার্তা ও শোক বার্তার সাথে নিবন্ধন ফরম প্রেরণ করে ৪৫ দিনের মধ্যে নিবন্ধন নিশ্চিত করতে হবে এবং প্রতি মাসে লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে।<br>(খ) ইউনিয়ন পর্যায়ে প্রতিমাসে জন্ম ও মৃত্যু টাস্কফোর্স কমিটির সভা আয়োজন করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৭ | গ্রাম আদালত পরিচালনা | আলোচ্যমাসে গ্রাম আদালত পরিচালনায় দায়েরকৃত মামলার সংখ্যা ১২ টি, নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ০৫ টি এবং ০৭ টি মামলা অনিষ্পন্ন অবস্থায় রয়েছে। সভাপতি জনভোগান্তি কমিয়ে আনা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার স্বার্থে সকল ইউপির অনিষ্পন্ন মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করতে ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। | (ক) সকল অনিষ্পন্ন মামলা দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) গ্রাম আদালতগুলো সক্রিয় করার জন্য জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) কানাইঘাট, সিলেট |
| ২৮ | তথ্য অধিকার আইন,২০০৯ বাস্তবায়ন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, তথ্য অধিকার আইনের বিষয়ে উপজেলার সকল সরকারি দপ্তর; বেসরকারী প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও, সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিওভূক্ত স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়/তথ্য প্রদান ইউনিটে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ করার নির্দেশনা রয়েছে। তাছাড়া দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদেরকে অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইনে সার্টিফিকেট সংগ্রহ করার অনুরোধ জানান। পাশাপশি সকল ইউনিয়ন | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী জনগণের তথ্য জানার অধিকার নিশ্চিত করতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ জরুরী ভিত্তিতে নিয়োগ পূর্বক আনলাইন নিবন্ধন কার্যক্রম সম্পন্ন শেষে অনলাইন সার্টিফিকেট দাখিল করতে হবে।<br><br>এমপিভূক্ত স্কুল কলেজ,মাদ্রাসা ও বিশ্ববিদ্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও আপীল কর্তৃপক্ষ | সকল সরকারি/ বেসরকারি দপ্তর ও প্রতিষ্ঠান সমূহ; সকল এনজিও; সকল ইউনিয়ন পরিষদ এবং এমপিভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান কানাইঘাট, সিলেট |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | পরিষদসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ করে উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিতকরণসহ আপীল কর্তৃপক্ষের তথ্যাদি স্ব-স্ব ওয়েব পোর্টাল আপলোড করার অনুরোধ জানান। | নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ২৯ | বিবিধ | ১. সভায় উপজেলা পরিষদের চাহিদার ভিত্তিতে (ক)উপজেলা প্রশাসক মহোদয়ের সম্মানী;(খ) মালি,পরিষ্কার পরিচ্ছন্নতা কর্মী ও পাম্প চালকের বেতন ভাতা বাবদ; (গ) উপজেলা পরিষদের আপ্যায়ন ও আনুষাংগিক বাবদ ব্যয়;(ঘ) উপজেলা মূখ্য নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে ০১(এক)টি কম্পিউটার ক্রয় বাবদ ব্যয়;(ঙ) উপজেলা মূখ্য নির্বাহী কর্মকর্তার বাংলো রং করণ বাবদ ব্যয়;(চ) উপজেলা পরিষদের পাম্প মেরামত করণ বাবদ ব্যয়;(চ) ১৪৩১ বাংলা সনের হাট-বাজার ইজারার আনুষাংগিক খরচ বাবদ ২৪,৫০০/- (চব্বিশ হাজার পাঁচশত)টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের লক্ষ্যে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | ১. উপস্থাপিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক ব্যয় নির্বাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ কানাইঘাট,সিলেট |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৪/১০/২০২৪

ফারজানা নাসরীন
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, কানাইঘাট,সিলেট

স্মারক নম্বর: ৪৬.৪৬.৯১৫৯.০০০.০০.০১৮.২২.১৪(৩৭)

তারিখ: ০৮ কার্তিক ১৪৩১ / ২৪ অক্টোবর ২০২৪

সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা
পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
জেলা প্রশাসক, সিলেট
উপ পরিচালক, স্থানীয় সরকার, সিলেট
উপজেলা --------------------------------- কর্মকর্তা (সকল), কানাইঘাট, সিলেট
চেয়ারম্যান --------------------------------- ইউনিয়ন পরিষদ (সকল), কানাইঘাট, সিলেট
--------------------------------- কানাইঘাট, সিলেট
অফিস কপি

২৪/১০/২০২৪

উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ,কানাইঘাট,সিলেট

## সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা

| ক্রম | নাম | পদবী/ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ জামাল উদ্দিন | চেয়ারম্যান, ০২ নং লক্ষীপ্রসাদ পশ্চিম ইউ/পি, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ০২ | জনাব আব্দুল মুমিন চৌধুরী | চেয়ারম্যান, ০৩ নং দিঘিরপাড় ইউ/পি, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব মো। আবু তাহির | চেয়ারম্যান, ০৪ নং সাতবাক ইউ/পি, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব মো: আব্দুল মতিন চৌধুরী | চেয়ারম্যান, ০৫ নং বড়চতুল ইউ/পি, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব আবু বক্কর | চেয়ারম্যান, ০৮ নং ঝিঙ্গাবাড়ী ইউ/পি, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব ডাঃ সুকল চন্দ্র বর্মন | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব হারুনার রশী | প্রতিনিধি উপজেলা কৃষি কর্মকর্তার, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মো: শফিকুল ইসলাম ভূঁইয়া | উপজেলা মৎস্য কর্মকর্তা, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব মো: জসিম উদ্দিন | প্রতিনিধি উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ১০ | জনাব মো: আব্দুল আওয়াল | অফিসার ইনচার্জ, কানাইঘাট থানা, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ১১ | জনাব মো: মুজাফিজুর রহমান | প্রতিনিধি উপজেলা প্রকৌশলী, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ১২ | জনাব রফিকুল ইসলাম তালুকদার | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব নূর মোহাম্মদ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব মো : জিলানী | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব মো: কামাল উদ্দিন | প্রতিনিধি উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব কমলা আক্তার চৌধুরী | প্রতিনিধি উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব মো: কবির হোসেন | প্রতিনিধি উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব মো: আলী আফজাল হক চৌধুরী | উপজেলা আরডিও কর্মকর্তা কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ২০ | জনাব উজ্জ্বল ভট্টাচার্য | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ২১ | জনাব শফিকুজ্জামান | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ২২ | জনাব রনধীর দেবনাথ | প্রতিনিধি উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ২৩ | জনাব মো: জামাল উদ্দিন | উপজেলা সমবায় কর্মকর্তা কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ২৪ | জনাব মো: মোসাব্বির-ই-সাদেকীন | প্রতিনিধি উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ২৫ | জনাব মো: কামরুজ্জামান | উপজেলা ডিজিএম, পল্লীবিদ্যুৎ সমিতি-২, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ২৬ | জনাব মো: এনামুল হক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তা, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ২৭ | জনাব কামরিনা খানম | উপজেলা তথ্য আপা কর্মকর্তা, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ২৮ | জনাব মোহাম্মদ ফারুক আহমদ | উপজেলা ইউডিএফ(ফাইন্ড) | স্বাক্ষরিত |
| ২৯ | জনাব সুনীল সিংহ | প্রতিনিধি উপজেলা শিশু অধিদপ্তর, সমাজ সেবা ও শিশু উন্নয়ন কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |
| ৩০ | জনাব মো: শওকত উজ্জামান | উপ-সহকারী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, সিলেট | স্বাক্ষরিত |
| ৩১ | জনাব মো: গোলাম কিবরিয়া | উপজেলা ফিল্ড সুপারভাইজার ইসলামী ফাউন্ডেশন, কানাইঘাট, সিলেট | স্বাক্ষরিত |

## সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট - খ

| ক্রমিক | পদবী/ঠিকানা |
|---|---|
| ০১ | চেয়ারম্যান, ০১ নং লক্ষীপ্রসাদ পূর্ব ইউ/পি, কানাইঘাট, সিলেট |
| ০২ | চেয়ারম্যান, ০৬ নং কানাইঘাট সদর ইউ/পি, কানাইঘাট, সিলেট |
| ০৩ | চেয়ারম্যান, ০৭ নং দক্ষিণবাণীগ্রাম ইউ/পি, কানাইঘাট, সিলেট |
| ০৪ | চেয়ারম্যান, ০৯ নং রাজাগঞ্জ ইউ/পি, কানাইঘাট, সিলেট |